

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পলী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

৪৬.০২০.০০৪.০২.০০.০০৭.২০১৬-৪২১১


তারিখ : ২৫/১১/১৬

বিষয় : প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকা এর এটি মামলা নং-৩৬৫/২০১৬, বাদী-জনাব বদিউজ্জামান ফারুকী, সহকারী প্রকৌশলী, দিনাজপুর পৌরসভা-বনাম সরকার ও অন্যান্য মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দিতাকরণ।

দিনাজপুর জেলার দিনাজপুর পৌরসভার সহকারী প্রকৌশলী জনাব মোঃ বদিউজ্জামান ফারুকীকে পঞ্চগড় জেলার দেবীগঞ্জ পৌরসভায় সহকারী প্রকৌশলীর শূন্য পদে বদলী করার আদেশকে চ্যালেঞ্জ করে তিনি বাদী হয়ে বাংলাদেশ সরকারের সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং অন্যান্যদের প্রতিপক্ষ করে প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকা এর আদালতে ৩৬৫/২০১৬ নং এটি মামলা দায়ের করেন। বাদী কর্তৃক দাখিলকৃত এটি মামলায় মহামান্য আদালত প্রতিপক্ষগণকে জবাব প্রদান করার জন্য রুলনিশি জারী করেছে। মহামান্য আদালতে মামলা প্রতিদ্বন্দিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজীতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারের পক্ষে মামলাটি প্রতিদ্বন্দিতার জন্য ঘটনার প্রকৃত বিবরণীসহ দফাওয়ারী জবাব ও আনুষঙ্গিক কাগজপত্রাদি সত্যায়িত সহকারে ০২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য বিজ্ঞ ট্রাইব্যুনাল কর্তৃক প্রদত্ত আদেশের অনুলিপি এতদসঙ্গে প্রেরণপূর্বক নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, নির্ধারিত সময়ে জবাব প্রদান করা না হলে বর্ণিত এটি মামলায় মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তর সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্তঃ ----বর্ণনামতে।


(মোঃ ইশান আলী রাজা বাঙালী)

উপসচিব

ফোন-৯৫৪০৯৯৫।

ইমেইলঃ ishanaliraja@gmail.com.

মেয়র

দিনাজপুর পৌরসভা, দিনাজপুর

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। উপসচিব(পৌর-১), স্থানীয় সরকার বিভাগ ;
- ২। বিজ্ঞ রেজিষ্টার, প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকা ;
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।